১ম বর্ষ, সংখ্যা-১, ২১ জুলাই ২০২৩

ত্রৈ-মাসিক

# ই-দক্ষতা বার্তা

DIST

দিশা পরিচালিত একটি সামাজিক উদ্যোগ

## DISA Institute of Science and Technology (DIST)

দিশা ইনস্টিটিউট অব সাইন্স এ্যান্ড টেকনোলজি (ডিআইএসটি) দিশা এনজিও এর একটি কার্যক্রম। Development Initiative for Social Advancement (DISA/দিশা) বাংলাদেশের একটি স্বনামধন্য দেশীয় এনজিও প্রতিষ্ঠান হিসাবে ২০টি জেলার ১ লক্ষ ৩০ হাজার সদস্য পরিবার নিয়ে সফলভাবে ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা করছে।




দিশা এই কার্যক্রমে বিশেষভাবে গ্রাম্য মহিলাদের অংশগ্রহণকে প্রাধান্য দিয়ে সহায়-সম্পদহীন, দুস্থ ও সুবিধা বঞ্চিত জনগোষ্ঠির জীবন-মান উন্নয়ন প্রচেষ্টায় সদা নিয়জিত। সদস্য পরিবারগুলিকে অধিকতর সহায়তার আওতায় আনার উদ্দেশ্যে দুগ্ধ প্রক্রিয়াজাত করণ, ছাগল পালন, নার্সারি, বেকারী, মিষ্টি, ফ্যাশন শিল্প কারখানা, শিক্ষা বৃত্তি প্রদান, দিশার জনবল উন্নয়ন প্রশিক্ষণ এবং লেখকদের উদ্বুদ্ধ করণে প্রকাশনা শিল্প ও গণ লাইব্রেরী ইত্যাদি সামাজিক প্রকল্প পরিচালনা করছে। দিশা ক্ষুদ্রঋণ কার্যক্রম ভূক্ত সদস্য পরিবারের সামাজিক অবস্থানের উন্নয়ন ও আয় বর্ধনের লক্ষ্যে তাঁদের কর্মহীন-বেকার এবং শিক্ষা থেকে ঝরে পড়া ছেলে-মেয়েদের কারিগরি দক্ষতামূলক প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থানের ব্যবস্থা করার কর্মসূচি হিসাবে ২০১৩ সালে কুমিল্লা জেলার চান্দিনা উপজেলার বরকইট নামক গ্রামে দিশা টেকনিক্যাল ট্রেনিং ইনস্টিটিউট (DTTI) চালু করা হয়। সেখানে ৮৯৬ যুবক-যুবতীকে দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ ও কর্মস্থানের ব্যবস্থা করা হয়েছিল। করোনা মহামারী প্রাদূর্ভাবের কারণে DTTI আপাতত বন্ধ আছে। কারিগরি পেশায় দক্ষতাউন্নয়ন ও কর্মসংস্থান কার্যক্রমকে আরও জোরদার করতে DTTI চালু থাকা অবস্থায় ২০১৭ সালে ঢাকার পল্লবী, মিরপুর-১২তে দিশা ইনস্টিটিউট অব সাইন্স এ্যান্ড টেকনেলজি (ডিআইএসটি) প্রতিষ্ঠিত হয়। বর্তমানে ডিআইএসটি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (BTEB) কর্তৃক নিবন্ধিত এবং জব মার্কেটে ব্যাপক চাহিদাভিত্তিক Information & Communication Technology (ICT), Mechanical, Electrical, Electronics, Plumbing, Motorcycle Repair & Servicing, Refrigeration & Air Conditioning (RAC), Ready Made Garments (RMG) ইত্যাদি টেকনোলজি সমূহের ৮টি অকুপেশনে কোর্স পরিচালনা ও অ্যাসেসমেন্ট সেন্টার হিসাবে ডিআইএসটি স্বীকৃতি প্রাপ্ত। একইভাবে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) এর নিবন্ধিত ও বেশ কয়েকটি কোর্সে স্বীকৃতি প্রাপ্ত। এখানে বাংলাদেশ সরকারের NTVQF প্রবর্তিত CBT&A ভিত্তিক ৩৬০ ঘন্টা মেয়াদের ৩২০ সিটের আবাসিক কারিগরি প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়। বর্তমানে এই ইনস্টিটিউটের বার্ষিক প্রশিক্ষণ প্রদান ক্ষমতা ৮০০ জন। দিশা ক্ষুদ্রঋণ কার্যক্রমের অন্তর্ভূক্ত সদস্য সন্তানদের মধ্য হতে এ যাবৎ ১২৭১ জন যুবকে কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা অর্জন শেষে বাংলাদেশের বিভিন্ন শিল্প কারখানায় কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। ডিআইএসটি উওরাত্তোর এর সদস্য সন্তানদের প্রশিক্ষণ প্রদান ছাড়াও বিভিন্ন সরকারী, বে-সরকারী প্রকল্প এবং বৈদেশিক রিক্রুটিং এজেন্সিসমূহ হতে প্রেরিত অদক্ষ জনবলের দক্ষতা উন্নয়নমূলক কারিগরি প্রশিক্ষণ দিয়ে থাকে। যেমন বাংলাদেশ সরকারের Social Development Foundation (SDF) কর্তৃক বাস্তবায়নাধীন Sustainable Costal Marine Fisheries Project (SCMFP)-Component-3 এবং Resilience Entrepreneurship and Livelihood Improvement (RELI) প্রকল্পের আওতায় মোট ৮৪১ জন যুব ও মৎসজীবী যুবকে প্রশিক্ষণ ও জব প্লেসমেন্টের ব্যবস্থা করা হয়েছে। Mutual Trust Bank Foundation (MTBF) কর্তৃক পরিচালিত একটি প্রকল্পের কয়েকজন যুবকেও প্রশিক্ষণ ও চাকুরির ব্যবস্থা করা হয়েছে।

এছাড়াও এখানে বিদেশে কর্মসংস্থানের লক্ষ্যে দক্ষ শ্রমিকদের দক্ষতা মূল্যায়ন টেস্ট এর মাধ্যমে সনদায়নের ব্যবস্থা করা হয়। ইতোমধ্যে ডিআইএসটি তার উন্নয়নের অংশ হিসাবে মোবাইল ফোন সার্ভিসিং ও ডিজিটাল মার্কেটিং নামে দুইটি নতুন ল্যাব প্রতিষ্ঠা করা হয়েছে এবং ডিপ্লোমা-ইন- ইঞ্জিনিয়ারিং কোর্স চালু প্রক্রিয়াধীন আছে। ডিআইএসটি দেশের উপযুক্ত সকল নাগরিককে এর শিক্ষা, প্রশিক্ষণ ও কর্মসংস্থানমূলক সেবা গ্রহণের জন্য সাদর আমন্ত্রণ জানাচ্ছে।

বিবর্তনের ধারায় মানুষ প্রতিনিয়ত বিস্ময়ে উপভোগ করছে প্রযুক্তির কল্যাণময় রুপান্তর। নব নব প্রযুক্তির উৎকৃষ্ঠতায় আমরা পাচ্ছি বৈচিত্রময় পন্য যা আমাদের প্রতিদিনের পারিবারিক ও কর্ম জীবনকে আরো গতিশীল ও সহজ করে দিচ্ছে। আমাদের জীবনের নানা ক্ষেত্রে-প্রযুক্তির বৈচিত্রপূর্ণ ব্যবহার সম্ভাবনাময়



মো. সহিদ উল্লাহ, প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী, দিশা

সৃজনশীলতাকে জাগিয়ে তুলেছে। ফল স্বরুপ, মানুষ যেমন প্রযুক্তি নির্ভর হচ্ছে ঠিক তেমনি প্রযুক্তির ব্যবহার ও প্রয়োগ বহুমাত্রিক হয়ে উঠেছে। প্রযুক্তির সার্থক প্রয়োগ কল্যানকর বিশ্ব বিনির্মানের নিয়ামক হবে। সুতরাং সময়ের তাগিদে একটি কল্যানকর উন্নত বাংলাদেশের প্রত্যাশায় ডিআইএসটি নূতন নূতন কারিগরি পেশার ট্রেড যুক্ত করে কার্যক্রমকে শক্তিশালী করছে। দিশা তার ক্ষুদ্র ঋণ কার্যক্রমের মাধ্যমে ১ লক্ষ ৩০ হাজার সদস্য পরিবারের জীবন যাত্রার মান উন্নয়নে





এসডিএফ এর চেয়ারম্যান ও দিশা'র প্রতিষ্ঠাতা প্রধান নির্বাহী মহোদয়গণ প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদ বিতরণ করছেন।

নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। ডিআইএসটির কারিগরি দক্ষতামূলক প্রশিক্ষণের মাধ্যমে সদস্য পরিবারের বেকার অল্প শিক্ষিত যুবদের কর্মসংস্থানের ব্যবস্থা করা হচ্ছে। এছাড়াও সরকারী বেসরকারী এনজিও কার্যক্রমে সম্পৃক্ত হয়ে গুনগতমানের কারিগরি দক্ষতা মূলক প্রশিক্ষণ দিয়ে চলেছে। বাংলাদেশে অবস্থিত বিভিন্ন রিক্রুটিং এজেন্সির মাধ্যমে সাধারণ পেশার জনবলকে কারিগরি দক্ষতা মূলক প্রশিক্ষণের ব্যবস্থা করে দেশের বাইরে চাকুরীর ব্যবস্থা করে বৈদেশিক মুদ্রা উপার্জনে সহায়ক ভূমিকা পালন করছে। আমি মনে করি ডিআইএসটি আরো যুগোপযোগী প্রযুক্তির ট্রেড এর কার্যক্রম সংযোজনের মাধ্যমে দেশকে স্মার্ট বাংলাদেশ বিনির্মানে সহায়ক ভূমিকা পালন করবে। ডিআইএসটি প্রাক্তন প্রশিক্ষণার্থীদের **১ম** সমাবেশের সফলতা কামনা করি। এই সমাবেশের মাধ্যমে প্রাক্তন প্রশিক্ষণার্থীরা **১** টি শক্তিশালী সংগঠন, গঠনের মাধ্যমে বর্তমান ও প্রাক্তন প্রশিক্ষণার্থীদের সেতু বন্ধন স্থাপন করুক। এর ফলে সবাই একে অন্যের সংগে যোগাযোগের মাধ্যমে নিজেদের সুযোগ সুবিধা গুলো ভাগাভাগি করতে পারবে। ফলে সবাই এর উপকার ভোগ করে বেকার মুক্ত ডিআইএসটি প্রাক্তন প্রশিক্ষণার্থী সমিতি গঠনে সহায়ক হবে। অন্যদিকে সবাই সংগঠনের মাধ্যমে নিজেদের উন্নয়নে স্বচেষ্ট হতে পারবে। পরিশেষে বলবো ডিআইএসটির প্রাক্তন প্রশিক্ষণার্থী সবাই নিজ নিজ ক্ষেত্রে উন্নতি করে, নিজেদের পরিবারকে স্বনির্ভর পরিবার হিসাবে গঠন করুক। এই কার্যক্রম উন্নত বাংলাদেশ গড়তে সাহায্য করুক এটাই আমার এই দিনের একান্ত কামনা।




এই বিভাগ কারিগরি পেশার প্রশিক্ষণের **১** টি গুরুত্ব পূর্ণ বিভাগ। ডিআইএসটির অন্যান্য প্রশিক্ষণ কোর্সকে কারিগরি সাপোর্টি সার্ভিস প্রদানের জন্য খুব গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এই বিভাগে সর্বমোট **১১** টি অকুপেশনে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা আছে। এই বিভাগের ল্যাব শপে লেদ, মিলিং শোপার, ড্রিল, গ্রান্ডিং, পাওয়ার ''স'' ইলেকট্রিক আর্ক ওয়েল্ডিং, গ্যাস ওয়েল্ডিং মিগ ওয়েল্ডিং, টিগ ওয়েল্ডিং প্রভৃতি মেশিনের উপর সূক্ষ্ম যন্ত্রপাতির মাধ্যমে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা আছে। প্রত্যেক শিল্প কারখানায় মেকানিক্যাল মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ এর বিশেষ প্রয়োজন আছে। এই বিভাগের যে কোন একটি অকুপেশনে প্রশিক্ষণ নিলে যে কোন শিল্প কারখানায় মেরামত, রক্ষণাবেক্ষণ ও খুচড়া যন্ত্রাংশ তৈরির টেকনিশিয়ান হিসাবে কর্মসংস্থান হয়। তাছাড়া যন্ত্রপাতির ব্যবস্থা করে নিজ উদ্যোগে ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ দিয়ে ব্যবসা করতে পারবে। এই বিভাগের **১১**টি পেশায় প্রশিক্ষণ কোর্স সমূহ যথাক্রমে: ওয়েল্ডিং আর্ক, ওয়েল্ডিং গ্যাস, মিগ-ওয়েল্ডিং, টিগ নরমল ও টিগ পাইপ ওয়েল্ডিং, লেদ টার্নিং, মিলিং মেশিন ওপারেশন, মেক্যানিক্যাল ফিটিং, ড্রইং এন্ড ডিজাইন (মেকানিক্যাল), মেশিনশপ প্রাকটিস ও স্টিল ফেব্রীকেটিং। এই সমস্ত কোর্স এর মধ্যে মেকানিক্যাল ফিটিং কারিগরি শিক্ষাবোর্ড ও ওয়েল্ডিং জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের সংঙ্গে নিবন্ধিত প্রশিক্ষণ কোর্স এবং আরপিএল অ্যাসে-সমেন্ট করার সুযোগ আছে। এযাবৎ ৫৯ জন প্রশিক্ষণার্থী এই বিভাগ হতে প্রশিক্ষণ নিয়েছে। ভবিষ্যতে মেকানিক্যাল বিভাগে ডিপ্লোমা-ইন-মেকানিক্যাল টেকনো-লজিতে ডিপ্লোমা-ইঞ্জিনিয়ারিং কোর্স করার পরিকল্পনা আছে।






রেফ্রিজারেশন এ্যান্ড এয়ার কন্ডিশনিং অকুপেশন ইদানিং সমাজ জীবনে ব্যাপক প্রভাব বিস্তার করছে। প্রয়োজনীয়তা উপলব্ধি করেই ২০১৮ সালে ডিআইএসটিতে আরএসি বিভাগ চালু করা হয়েছে এবং প্রশিক্ষণের চাহিদাও বেশী। উষ্ণমন্ডলীয় এমনকি শীত বা নাতিশীতোষ্ণ অঞ্চলের দেশ সমূহে বাসা - বাড়ি, অফিস-আদালত, দোকান-সুপার মার্কেট, পরিবহন খাত, শিল্প-কারখানা সবখানে এই অকুপেশনের যন্ত্রপাতির ব্যবহার ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। স্বল্প পরিসর আয়তনের আবদ্ধ স্থান থেকে তাপ শক্তি বের করে দেয়া অথবা বাহিরের তাপকে আবদ্ধ স্থানে নিয়ে তাপমাত্রা নিয়ন্ত্রণ করাই এই টেকনোলজির মূল সূত্র। এর জন্য সিলিং লুপের মধ্যে অবস্থিত অতি ভোলাটাইল লিকুইড (রেফ্রিজারেন্ট) কম্প্রেসরের সাহায্যে একদিকের চাপ (সাকশন) কমিয়ে এবং অন্য দিকের (ডেলিভারী) চাপ বাড়িয়ে তা ক্রমান্বয়ে বাষ্পী-ভূত ও ঘনিভূত করণ প্রক্রিয়া ইলেকট্রনিক্স যন্ত্র দ্বারা অটো-নিয়ন্ত্রণ করা হয়। আমাদের দেশে আরএসি বিষয়ে দক্ষ টেকনিশিয়ান সংখ্যা প্রয়োজনের চেয়ে অনেক কম। রেফ্রিজারেটর, চিলার, এসি রিপিয়ারিং ও সার্ভিসিং এর উপর ডিআইএসটিতে বিভিন্ন কোর্স পরিচালিত হয়। আরএসি ওয়ার্কশপ, ফ্রিজ ও এসি ম্যানুফ্যাকচারিং কারখানা, ফুড প্রসেসিং, হিমাগার, ঔষধসহ অন্যান্য শিল্পকারখানায়ও চাকুরীর ব্যাপক সুযোগ রয়েছে বা নিজ উদ্যোগে আরএসি ওয়ার্কশপের ব্যবসা শুরু করতে পারে। এই বিভাগ থেকে এ যাবত মোট ২৪২ জন প্রশিক্ষণার্থী ট্রেনিং নিয়েছে। তাদের অধিকাংশ ওয়ালটন, কংকা, মিনিস্টার, সিংগার, প্রান-আরএফএল ইত্যাদি এসি-ফ্রিজ ম্যানুফ্যাকচারিং কোম্পানিতে কাজ করছে। কর্মে নিয়োজিত হার ৯৫ %।




বর্তমান সময়ে ইলেকট্রনিক্স বা ই-টেকনোলজি ব্যবহার ছাড়া আমরা একেবারেই অচল। তাই ই-টেকনোলজির সঙ্গে ডিআইএসটি থাকবে না এ কথা চিন্তা করা যায় না। এই উদ্দেশ্যকে সামনে রেখে ডিআইএসটি ইলেকট্রনিক্স বিভাগ ২০২২ সালে চালু করা হয়েছে। বর্তমানে এই বিভাগে তিনটি অকুপেশনে প্রশিক্ষণ দিয়ে থাকে যথা-কনজ্যুমার ইলেকট্রনিক্স, মোবাইল ফোন সার্ভিসিং ও ডিজিটাল ইলেকট্রনিক্স। বর্তমান যুগে গৃহস্থালী ও অন্যান্য কাজে ব্যবহৃত সকল ইলেকট্রনিক্স এ্যাপ্লায়েন্স ফল্ট ডিটেকশন, মেরামত, রক্ষাণাবেক্ষণ ও ইন্সটলেশন করার জন্য প্রয়োজনীয় সকল প্রকার টুলস-ইকুপমেন্ট সন্নিবেশন করে এই বিভাগের ল্যাব সমূহ সজ্জিত করা হয়েছে। ইলেকট্রনিক্স বিভাগে সর্বমোট ৪৯ জন প্রশিক্ষণ দেয়া হয়েছে। তাদের ৪০ জন সংশ্লিষ্ট কর্মে নিয়জিত আছে। কর্মে নিয়জিত প্রতিষ্ঠানগুলি হলো ট্রান্সকম ইলেকট্রনিক্স, নাভানা, প্রান-আরএফএল, টেকনো মোবাইল, উত্তরা মোটরস ইত্যাদি।

## অটোমোটিভ বিভাগ



১লা জানুয়ারী ২০১৮ সাল হতে এক বছর মেয়াদি মোটরসাইকেল রিপেয়ার এ্যান্ড সার্ভিসিং কোর্স শুরু করার মাধ্যমে অটোমোটিভ বিভাগের প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হয়। বর্তমানে এই বিভাগে ৩টি অকুপেশনে প্রশিক্ষণ দেয়া হয়। কোর্সগুলি যথাক্রমে মোটরসাইকেল সার্ভিসিং, মোটর সাইকেল ইলেকট্রিক্যাল এ্যান্ড ইলেকট্রনিক্স মেইনটেন্যান্স এবং ব্যাটারী টেকনিশিয়ান কোর্স চালু আছে। এই সমস্ত কোর্স সম্পন্ন করলে বাংলাদেশের বিভিন্ন মোটরসাইকেল প্রস্তুত কারক প্রতিষ্ঠানে চাকুরী হয়ে থাকে বিভিন্ন রোড সাইড ওয়ার্কশপে মেকানিক হিসাবে চাকুরী করতে পারবে। এছাড়াও প্রয়োজনীয় কিছু টুলস ক্রয় করে নিজ উদ্যোগে মোটর সাইকেল সার্ভিসিং ওয়ার্কশপ স্থাপন করে ব্যবসা করতে পারবে। এ পর্যন্ত সর্বমোট ১৬৮ জন প্রশিক্ষণার্থী এই বিভাগে প্রশিক্ষণ সম্পন্ন করেছে। তাদের মধ্যে ১৫০ জন কর্মে নিয়োজিত। কর্মে নিয়োগের হার ৯৫%। যে সমস্ত প্রতিষ্ঠানে এই বিভাগের প্রশিক্ষণার্থীরা কাজ করছে তাদের নাম যথাক্রমে টিভিএস, উত্তরা মোটরস, হোন্ডা ইত্যাদি। এই বিভাগের প্রশিক্ষণ কার্যক্রম দিনে দিনে আরও বৃদ্ধি পাচ্ছে। কারণ বাংলাদেশে মোটরসাইকেল ব্যবহার কারীর সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। ভবিষ্যতে এই বিভাগে ৪ বছর মেয়াদী অটোমোবাইল ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্স প্রবর্তনের চিন্তা ভাবনা আছে।

## ইনফরমেশন ও কমিউনিকেশন টেকনোলজি (আইসিটি) বিভাগঃ



এই বিভাগ ২০১৩ সালে ডিটিটিআই, বরকুইট, চান্দিনা, কুমিল্লাতে শুরু করা হয়েছিল। ২০১৮ সালে ১(এক) বৎসর মেয়াদি কম্পিউটার এমএস ওয়ার্ড, গ্রাফিক্স ডিজাইন, ওয়েব ডিজাইন এ্যান্ড ডেভোলাপমেন্ট নেটওয়ার্ক ও হার্ডওয়্যার কোর্স নিয়ে ডিআইএসটি ঢাকায় প্রশিক্ষণ কোর্স শুরু করা হয়। বর্তমানে এই বিভাগে ৯টি স্বল্পমেয়াদি কোর্স করার সুযোগ সুবিধা আছে। কোর্স গুলো যথাক্রমেঃ কম্পিউটার অপারেশন বা এমএস অফিস, গ্রাফিক্স ডিজাইন, ওয়েব ডিজাইন এ্যান্ড ডেভোলাপমেন্ট, ফ্রিল্যান্সিং বা আউটসোর্সিং, কম্পিউটার নেটওয়ার্কিং, কম্পিউটার নেটওয়ার্কিং এ্যান্ড হার্ডওয়্যার মেইনটেনেন্স, আটোক্যাড (মেকানিক্যাল), আটোক্যাড (সিভিল) এবং ডিজিটাল মার্কেটিং। এই সমস্ত কোর্স সম্পূর্ণ করে আইসিটি ওয়াল্ডে কম্পিউটার এর ম্যাধমে যে কোন অফিস, শিল্প কারখানায় চাকুরী ও নিজ উদ্যোগে ব্যবসা করতে পারবে। এই পর্যন্ত এই বিভাগে সর্বমোট ৬৩০ জন কোর্স সম্পন্ন করে প্রায় ৮৯% কর্মে নিয়োজিত আছে। এই বিভাগে কম্পিউটার অপারেশন কোর্সটি বিটিইবি কর্তৃক নির্বাচিত আরপিএল সেন্টার।

## ইলেকট্রিক্যাল বিভাগ



মানব সভ্যতার অভ্যদয়ে আগুনের পর বিদ্যুৎ আবিস্কার জীবনমান উন্নয়নে মহা নিয়ামক হিসাবে পরিগণিত। বিদ্যুৎ অতিব বিপজ্জনক শক্তি হলেও নিরাপদ উৎপাদন, বিতরণ ও ব্যবহার কৌশলই হচ্ছে ইলেকট্রিক্যাল অকুপেশন। দেশ-দেশান্তরে মানব কর্মকান্ডের সকল ক্ষেত্রে বিদ্যুতের ব্যবহার আছে। তাই এই অকুপেশনের ইলেকট্রিশিয়ানদের চাহিদা এত বেশী। কুমিল্লা জেলার চান্দিনা উপজেলার বরকুইটে স্থাপিত ডিটিটিআই এ প্রথমে ইলেকট্রিক্যাল হাউজ ওয়ারিং এ্যান্ড মেইনটেনেন্স কোর্স চালু করা হয়।

বর্তমানে ডিআইএসটিতে ফ্যান, মটোর উইন্ডিং, ভবনের কনসিল্ড কন্ডুইট, সার্ফেস কন্ডুইট ওয়ারিং, চ্যানেল ওয়ারিং, এনার্জি মিটার, সিঙ্গেল ফেজ ও থ্রি-ফেজ পাওয়ার কানেকশন, সিলিং ফ্যান, টিউব বাতি, বাল্ব, ভবনের পানির পাম্প মটোরসহ নানা ধারনের ইলেকট্রিক্যাল এ্যাপ্লাইন্সের ইন্সটলেশন, কানেকশন ও মেইনটেনেন্স কাজ শেখার জন্য বিভিন্ন প্রশিক্ষণ কোর্স এই বিভাগে চালু আছে। এযাবৎ ২৭৬ জন প্রশিক্ষণার্থী এই বিভাগ হতে প্রশিক্ষণ নিয়ে প্রাণ-আরএফএল, কংকা, মিনিস্টার, ট্রান্সকম ইলেকট্রনিক্স, নাভানা ইত্যাদি প্রতিষ্ঠানে কাজ করছে। এই বিভাগের মডুলার কোর্সের প্রশিক্ষণার্থীদের অধিকাংশ বিদেশে চাকুরি করছে। ইলেকট্রিক্যাল অকুপেশনে প্রশিক্ষণার্থীদের কর্মে নিয়োজিতদের চাকুরীর হার (৯৬%)। ডিআইএসটি অচিরেই ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা কোর্স চালু করার প্রস্তাব প্রক্রিয়াধিন আছে।

## রেডিমেট গার্মেন্টস (আরএমজি) বিভাগ



এই বিভাগের প্রশিক্ষণ কার্যক্রম ২০১৩ সালে বরকুইট, চান্দিনা, কুমিল্লাতে ডিটিটিআই এর মাধ্যমে প্রশিক্ষণ কোর্স শুরু করা হয়। ২০২০ সালে ডিটিটিআই হতে ডিআইএসটি ঢাকায় স্থানান্তর করে প্রশিক্ষণ কার্যক্রম নতুন আঙ্গিকে পরিচালনা করা হয়। বর্তমানে সুইং মেশিন অপারেশন ও টেইলারিং এ্যান্ড ড্রেস মেকিং প্রশিক্ষণ কোর্স এর ব্যবস্থা আছে। এই প্রশিক্ষণ কোর্স বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর আরটিও করা। এখানে আরপিএল অ্যাসেসমেন্ট করার ব্যবস্থা আছে। এ পর্যন্ত সর্বমোট ৭২৩ জন প্রশিক্ষণ সম্পন্ন করেছে। এদের মধ্যে ৮৭% প্রশিক্ষণার্থী কর্মে নিয়োজিত আছে। বাংলাদেশের বিভিন্ন সেলাই কারখানা ও গার্মেন্টস ফেক্টরী ও নিজ উদ্যোগে কর্মে নিয়োজিত আছে।

## Summary of Passedout Trainees

| SL. No. | Description | Number of Trainees |
|---|---|---|
| 1 | One Year Course - 2018 - 2020 (DISA members' children | 92 |
| 2 | Short Course (Modular) – 2018 – 2023 | 100 |
| 3 | 360 Hours Special Training Courses (DISA members' children) | 257 |
| 4 | Social Development Foundation (SDF) 2021 – 2022 | 841 |
| 5 | MTB Foundation 2022 | 5 |
| 6 | DTTI (DISA members' children) 2012 – 2017 | 998 |
| | Total : | 2293 |


সিভিল কনস্ট্রাকশন বিভাগ

ডিআইএসটি প্রশিক্ষণ কার্যক্রমে ২০২০ সালে সিভিল কনস্ট্রাকশন প্রযুক্তির প্লাম্বিং প্রশিক্ষণ শুরু করা হয়। আমাদের বাসাবাড়িতে প্রযুক্তিগত প্লাম্বিং কৌশল অবলম্বন করে সহজে পানি সরবরাহ করার ব্যবস্থা করার নামই হল প্লাম্বিং প্রশিক্ষণ। বর্তমানে এই বিভাগে প্লাম্বিং (পাইপ ফিটিং এ্যান্ড স্যানেটারী ওয়ার্কস), ফায়ার ফাইটিং (ওয়াটার পাইপ লাইন), রড বাইন্ডিং/স্টীল ফিকজার, স্যাটার কার্পেন্টারী, ম্যাশনারী প্লোস্টার, ব্রিক্স, হলো ব্লোক সেটিং, ম্যাশনারী (টাইলস এ্যান্ড মার্বেলস্টোন ফিক্রিং), ম্যাশনারী মোজাইক, টাইলস, মার্বেল ষ্টোন ও সিরামিক ব্রিক ফিটিং পেইন্টিং (বিল্ডিং এ্যান্ড স্প্রে) ও পেইন্টিং: (মেটাল স্প্রে) ইত্যাদি অকুপেশনে দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। এই প্রশিক্ষণ গ্রহন করে বিল্ডিং কনস্ট্রাকশন কাজে চাকুরী ও নিজ উদ্যোগে কনস্ট্রাকশন ঠিকাদারী কাজ করতে সক্ষম হবে। বিদেশে কনস্ট্রাকশন কাজে চাকুরী করার অনেক সুযোগ আছে। ডিআইএসটি বাংলাদেশের কনস্ট্রাকশন কাজে আধুনিক যন্ত্রপাতি ব্যবহার করে প্রশিক্ষণ দিয়ে থাকে। ফলে কনস্ট্রাকশন কাজে আধুনিক প্রযুক্তিগত কৌশল প্রয়োগে ডিআইএসটি অবদান রেখে চলেছে।







দিশা ইনস্টিটিউট অব সাইন্স এ্যান্ড টেকনোলজি (ডিআইএসটি)
প্লট # ১১, এভিনিউ # ০২, ব্লক # সি, মিরপুর-১২, পল্লবী, ঢাকা-১২১৬।
ফোন: ০১৭০৮৪৪৯৯৫০, ০১৭০৮৪৪৯৮৬৭, ই-মেইল: dist@disabd.org, web:www.distbd.org


## Trade-wise Passedout Trainees' Information from 2013 to 2023

| Trade Name | DTTI 2013-2023 | DIST 2018 Jun 23 | Total Trainees | RPL Assessment (%) | Job Placement (%) |
|---|---|---|---|---|---|
| Computer Operation | 332 | 298 | 630 | 54% | 89% |
| Refrigeration & Air-Conditioning | 0 | 242 | 242 | 71% | 95% |
| Electrical Installation & Maintenance | 35 | 241 | 276 | 82% | 96% |
| Motorcycle Servicing | 0 | 168 | 168 | 85% | 95% |
| Sewing & Tailoring) | 609 | 114 | 723 | 86% | 87% |
| Mechanical Fitting | 0 | 59 | 59 | 96% | 100% |
| Plumbing | 0 | 124 | 124 | 80% | 81% |
| Consumer Electronices | 0 | 49 | 49 | 81% | 82% |
| Beautification | 22 | 0 | 22 | -- | 64% |
| Total | 998 | 1295 | 2293 | 75% | 90% |




আমি মুছা কালিমুল্লাহ বরিশালের মুলাদী উপজেলার পূর্ব নাজিরপুর গ্রামের দরিদ্র জেলে পরিবারের একজন ছেলে। এসডিএফ এর সহায়তায় ডিআইএসটিতে প্লাম্বিং ট্রেডে প্রশিক্ষণ নিই। দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণের সুবাদে প্রথমে চট্টগ্রামে একজন নির্মান কন্ট্রাক্টরের অধিনে চাকুরী করে আরও অভিজ্ঞতা অর্জন করি। আল্লাহ'র অশেষ রহমতে বর্তমানে আমি নিজেই একজন প্লাম্বিং সাব-কন্ট্রাক্টর হয়ে ৫/৬ জন প্লাম্বারের কর্মসংস্থানও করতে পারছি। গ্রামের বেকার ছেলে ছিলাম এখন গড়ে মাসে ৩০/৪০ হাজার টাকা আয় করে পরিবারে স্বচ্ছলতা আনতে পেরে আমি খুশি। সবার দোয়া চাই।




আমি লাইজু আক্তার, ছোট বেলাতেই আমার বাবা মারা যান। বারিশালের বানারীপাড়া উপজেলার প্রত্যান্ত গ্রামে নানার বাড়ীতে থেকে অতি কষ্টে মা আমাদের তিন বোনকে বড় করেছেন। এহেন অভাবের সংসারে আমার একটা চাকুরির খুবই প্রয়োজন ছিল। ডিআইএসটি কম্পিউটার অপারেশন বিষয়ে প্রশিক্ষণ দিয়ে আমার ভবিষ্যত জীবনের পথ তৈরি করে দিয়েছে। দিশার কাছে আমি কৃতজ্ঞ যে আমাকে ২২,৬৩০/- টাকা বেতনে ক্রেডিট অফিসার পদে চাকুরি দিয়েছে। আল্লাহই আমাকে আমার পরিবারের পাশে দাঁড়াতে সাহায্য করেছে।

ডা. মোজাম্মেল হক, এম,বি,বি,এস (ঢাকা) শিশু চিকিৎসক ও জেনারেল ফিজিসিয়ান, মেডিকেল অফিসার, (ডিআইএসটি) দৈহিক সুস্থতার কোন বিকল্প নেই। আমি দিশা ইনস্টিটিউট অব সাইন্স এ্যান্ড টেকনোলজি (ডিআইএসটি) তে চিকিৎসক হিসাবে নিয়োজিত আছি। আমি এযাবৎ ডিআইএসটিতে যেসব রোগের চিকিৎসা করেছি তাহলো টাইফয়েড জ্বর, পেপটিক আলসার, সর্দি-কাশী, ডাইরিয়া ও আমাশয়, মাথাব্যথা, ছোট ধরনের আঘাত বা ইনজুরি। এর মধ্যে ডাইনিং এ বিশুদ্ধ পানি বা পরিচ্ছন্ন খাবার ডাইরিয়া প্রতিরোধের সহায়ক। ল্যাবগুলোতে সাবধানতা অবলম্বন করলে ইনজুরি থেকে রক্ষা পাওয়া যেতে পারে। সর্বোপরি কথা হলো রোগ প্রতিরোধ রোগ নিরাময় থেকে উত্তম।


মাতৃভূমি ফ্যাশন
দিশা পরিচালিত একটি সামাজিক উদ্যোগ

**Bashundhara City Shopping Mall**
Level-02, Block-C, Shop No-28 & 29
Phone: 01708-449865

**Mirpur Outlet**
Nur Islam Molla Avenue, 5 Shujaat Nagar, Mirpur-12, Dhaka-1216
01708-449857

**Factory Outlet**
Plot # 11, Avenue # 02, Block-C, Mirpur-12, Pallabi, Dhaka-1216
01761492557

**Please Find us:**
facebook.com/matribhumifashionbd
instagram.com/disamatribhumifashion/
matribhumifashion.com/
m.youtube.com/@MatribhumiFashion/about

